# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩৪

১১. বিবাহ অধ্যায় (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৬. নারীদের সাথে মুত’আহ বিয়ে করা নিষিদ্ধ

بَاب النَّهْيِ عَنْ مُتْعَةِ النِّسَاءِ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ الرَّبِيعِ بْنِ سَبْرَةَ أَنَّ أَبَاهُ حَدَّثَهُ أَنَّهُمْ سَارُوا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حِجَّةِ الْوَدَاعِ فَقَالَ اسْتَمْتِعُوا مِنْ هَذِهِ النِّسَاءِ وَالِاسْتِمْتَاعُ عِنْدَنَا التَّزْوِيجُ فَعَرَضْنَا ذَلِكَ عَلَى النِّسَاءِ فَأَبَيْنَ أَنْ لَا نَضْرِبَ بَيْنَنَا وَبَيْنَهُنَّ أَجَلًا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ افْعَلُوا فَخَرَجْتُ أَنَا وَابْنُ عَمٍّ لِي مَعَهُ بُرْدٌ وَمَعِي بُرْدٌ وَبُرْدُهُ أَجْوَدُ مِنْ بُرْدِي وَأَنَا أَشَبُّ مِنْهُ فَأَتَيْنَا عَلَى امْرَأَةٍ فَأَعْجَبَهَا شَبَابِي وَأَعْجَبَهَا بُرْدُهُ فَقَالَتْ بُرْدٌ كَبُرْدٍ وَكَانَ الْأَجَلُ بَيْنِي وَبَيْنَهَا عَشْرًا فَبِتُّ عِنْدَهَا تِلْكَ اللَّيْلَةَ ثُمَّ غَدَوْتُ فَإِذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَائِمٌ بَيْنَ الرُّكْنِ وَالْبَابِ فَقَالَ يَا أَيُّهَا النَّاسُ إِنِّي قَدْ كُنْتُ أَذِنْتُ لَكُمْ فِي الِاسْتِمْتَاعِ مِنْ النِّسَاءِ أَلَا وَإِنَّ اللَّهَ قَدْ حَرَّمَهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ فَمَنْ كَانَ عِنْدَهُ مِنْهُنَّ شَيْءٌ فَلْيُخَلِّ سَبِيلَهَا وَلَا تَأْخُذُوا مِمَّا آتَيْتُمُوهُنَّ شَيْئًا

বাংলা

২২৩৪. রাবী ইবনু সাবরা (রহঃ) থেকে বর্ণিত। তাঁর পিতা বিদায় হাজ্জে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সঙ্গে অংশগ্রহণ করেন । তিনি বললেন: “তোমরা এ নারীদের সাথে মুতআ (বিয়ে) করো।” আর মুত’আ করা আমাদের নিকট বিয়ে হিসেবেই গণ্য ছিল। ফলে আমরা নারীদেরকে এর প্রস্তাব দিলে তারা আমাদের ও তাদের মাঝে একটি মেয়াদ নির্ধারিত না করলে তারা মানতে রাজি হচ্ছিল না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “তোমরা (তা-ই) করো।” তখন আমিও আমার চাচাতো ভাই বেরিয়ে পড়লাম। আমাদের উভয়ের সাথে একটি করে চাদর ছিল। আমার চাদরটির চেয়ে আমার চাচাতো ভাইয়ের চাদরটি ছিল উৎকৃষ্ট। তবে আমি তার তুলনায় বয়সে অধিক তরুণ ছিলাম।

অবশেষে আমরা একটি যুবতী মেয়ের নিকট এলাম। আমার তারুণ্য তাকে মুগ্ধ করলো, আবার তার চাদরও তার

পছন্দ হলো। ফলে সে বলতে লাগলো, চাদর তো চাদরের মতোই (চাদরে কী যায় আসে)। অতঃপর আমি তকে মুতআ বিবাহ করলাম দশদিনের মেয়াদে। এরপর আমি তার নিকট সেই রাত অতিবাহিত করলাম, এরপর সকাল হলে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকনে ইয়ামানী ও বাবের মাঝে দাঁড়িয়ে বলতে লাগলেন: “হে লোক সকল! আমি তোমাদেরকে স্ত্রীলোকদের সাথে মুতআ বিবাহের অনুমতি দিয়েছিলাম। কিন্তু আল্লাহ তাআলা কিয়ামতের দিন পর্যন্ত তা হারাম করেছেন। অতএব, যার নিকট এই ধরনের (বিবাহ সূত্রে কোন স্ত্রীলোক) আছে, সে যেন তার পথ ছেড়ে দেয়। আর তোমরা তাদের যা কিছু দিয়েছ তা থেকে কিছুই কেড়ে রেখে দিও না।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, নিকাহ ১৪০৬; বাইহাকী, নিকাহ ৭/২০২, ২০৩, ২০৪; এছাড়াও আহমাদ ৩/৪০৪-৪০৬; আব্দুর রাযযাক ৭/৪৯৬-৫০৬; ইবনু আবী শাইবা, ৪/২৯২; তাবারাণী, কাবীর ৭/২০৩ নং ৬৮৩৯; তামহীদ ১০/১০২-১০৯ তে এর অনেকগুলি সূত্র রয়েছে।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৯৩৮, ৯৩৯; সহীহ ইবনু হিব্বান নং ৪১৪৪, ৪১৪৬, ৪১৪৭, ৪১৪৮, ৪১৫০ ও মুসনাদুল হুমাইদী নং ৮৭০ তে। পরবর্তী হাদীসটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ রবী' ইবন সাবরা জুহানী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন